

Meeting of the BRICS High Representatives Responsible for National Security

August 24, 2021

জাতীয় নিরাপত্তার জন্য দায়ী ব্রিকস উচ্চ পর্যায়ের প্রতিনিধিদের বৈঠক

অগাস্ট 24, 2021

1. 24 শে অগাস্ট 2021 মঙ্গলবার জাতীয় নিরাপত্তা উপদেষ্টা শ্রী অজিত ডোভাল ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে জাতীয় নিরাপত্তার জন্য দায়ী ব্রিকস উচ্চ পর্যায়ের প্রতিনিধিদের 11তম বৈঠকের আয়োজন করেছিলেন।

2. বৈঠকে উপস্থিত ছিলেন যথাক্রমে ব্রাজিলের ফেডারেশনাল রিপাবলিকের রাষ্ট্রপতির প্রতিনিধি এবং প্রাতিষ্ঠানিক নিরাপত্তা মন্ত্রিসভার প্রধান হিজ এক্সেলেন্সি জেনারেল অগাস্টো হেলেনো রিবেরিও পেরেইরা, রাশিয়ান ফেডারেশনের নিরাপত্তা পরিষদের সচিব হিজ এক্সেলেন্সি জেনারেল নিকোলাই পাত্রশেভ, সিপিসি কেন্দ্রীয় কমিটির পররাষ্ট্র বিষয়ক কমিশন অফিসের সিপিসি কেন্দ্রীয় কমিটির রাজনৈতিক ব্যুরোর সদস্য এবং নির্দেশক হিজ এক্সেলেন্সি মিস্টার ইয়াং জিয়েচি এবং দক্ষিণ আফ্রিকার রাষ্ট্রীয় নিরাপত্তার প্রতিনিধি হিজ এক্সেলেন্সি সেডিসো গুডেনফ কোডওয়া।

3. ভারত এই বছর ব্রিকসের সভাপতিত্ব করছে যেটি ব্রিকস গ্রুপিং-এর 15 তম বার্ষিকীর সাথে যুগপৎ সম্মতন। উচ্চ পর্যায়ের প্রতিনিধি বৈঠকটি, ব্রিকস নেতৃবৃন্দের শীর্ষ বৈঠক, যেটি এই বছর প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে ভারত আয়োজন করবে, তার আগে অনুষ্ঠিত হল।

4. জাতীয় নিরাপত্তার জন্য দায়ী উচ্চ পর্যায়ের প্রতিনিধিদের বৈঠকটি ব্রিক্স দেশগুলির মধ্যে রাজনৈতিক এবং নিরাপত্তা সমস্যার উপরে দৃষ্টিভঙ্গির বিনিময় করার জন্য একটি গুরুত্বপূর্ণ মঞ্চ হিসেবে আবির্ভূত হয়েছে। আজকের বৈঠকটি আঞ্চলিক এবং বৈশ্বিক রাজনৈতিক ও নিরাপত্তার দৃশ্যপটের উপরে, বিশেষত আফগানিস্তানের বর্তমান পরিস্থিতি, ইরান, পশ্চিম এশিয়া এবং গালফ ও সাইবার সুরক্ষার মত জাতীয় নিরাপত্তার উপরে উদ্ভূত হুমকির পর্যালোচনা করেছে। বৈঠকের আলোচ্য সূচীর মধ্যে অন্যান্য বিষয়গুলি ছিল আইন প্রয়োগকারী সংস্থাগুলির মধ্যে সহযোগিতা, স্বাস্থ্য সুরক্ষা এবং স্বাস্থ্য পরিচর্যা ও সন্ত্রাসের বিরোধিতা। ভারত, সীমান্ত অঞ্চলে সন্ত্রাসবাদ এবং লস্কর-ই-তৈবা ও জৈস-ই-মহম্মদের মত সন্ত্রাসবাদী সংগঠন যারা রাষ্ট্রীয় মদত পুষ্ট এবং শান্তি ও সুরক্ষাকে ভীতি প্রদর্শন করছে সেই সম্পর্কিত সমস্যার উত্থাপন করেছে।

5. 12 তম ব্রিকস নেতৃবৃন্দের শীর্ষ বৈঠকে শ্রী নরেন্দ্র মোদীর দেওয়া ব্রিক্স সন্ত্রাসবাদ বিরোধী কৌশল অবলম্বনের পরামর্শের অনুসরণ হিসেবে ব্রিক্স শীর্ষ বৈঠকে বিবেচনার জন্য ব্রিক্স সন্ত্রাসবাদ

বিরোধী কার্য পরিকল্পনাকে উচ্চ পর্যায়ের প্রতিনিধি গ্রহণ এবং সুপারিশ করেছে। কার্য পরিকল্পনার লক্ষ্য হল, অর্থসাহায্য এবং সন্ত্রাসবাদের প্রতিরোধ করা, সন্ত্রাসবাদীদের দ্বারা ইন্টারনেটের অপব্যবহার, সন্ত্রাসবাদীদের ভ্রমণকে খর্ব করা, সীমান্ত নিয়ন্ত্রণ, সফট টার্গেটগুলিকে নিরাপদে রাখা, তথ্য বিনিময়, সক্ষমতা নির্মাণ এবং আঞ্চলিক ও আন্তর্জাতিক সহযোগিতার ক্ষেত্রগুলিতে সহযোগিতার বর্তমান কার্যপদ্ধতিকে আরও শক্তিশালী করা।

6. এই অঞ্চলে অবৈধ মাদক উৎপাদন এবং মাদক পাচারের বৃদ্ধির ঝুঁকির দিকেও যথেষ্ট নজর দেওয়া হয়েছে। এই ক্ষেত্রের সাথে ব্রিক্স দেশগুলির সম্পর্কযুক্ত সংস্থাগুলি তাদের সহযোগিতাকে বৃদ্ধি করার জন্য সহমত হয়েছে। COVID-19 অতিমারি থেকে উদ্ধৃত নতুন প্রতিবন্ধকতার আলোকে ব্রিক্স দেশগুলির মধ্যে স্বাস্থ্য সুরক্ষা এবং স্বাস্থ্য পরিচর্যার ক্ষেত্রে সহযোগিতার বিষয়টিও অগ্রাধিকারের ভিত্তিতে চিহ্নিত করা হয়েছে।

7. সাইবার সুরক্ষার ক্ষেত্রে, সাইবার-ক্রাইমকে প্রতিহত করা এবং সক্ষমতা নির্মাণের ক্ষেত্রে তথ্য বন্টন ও সর্বোত্তম অনুশীলনকে বিনিময় করার মাধ্যমে সহযোগিতা বৃদ্ধি করার জন্য যৌথ প্রচেষ্টাকে শক্তিশালী করার জন্য সহমত হয়েছে। এর আগে ভারত অগাস্ট, 2021 -এ ডিজিটাল ফরেন্সিকের উপরে একটি ব্রিক্স কর্মশালার আয়োজন করেছিল।

নিউ দিল্লি

অগাস্ট 24, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.